

**এসএসসি পরীক্ষার্থীদের
কাছ থেকে ফিসের
নামে মাত্রাতিরিক্ত
টাকা নেয়া হচ্ছে**

৥ ককনউদ্দৌলাহ ॥
যশোর, ৬ই জানুয়ারী।--
আগর এসএসসি পরীক্ষার্থীদের
কাছ থেকে ফরম পূরণের ফিসের
নামে এখানকার বহু বিদ্যালয়ে
মাত্রাতিরিক্ত টাকা নেয়া হচ্ছে।
কোন কোন বিদ্যালয়ে নির্ধারিত
ফিসের চাইতে দুই থেকে তিনগুণ
বেশী টাকা আদায় করা হচ্ছে।
আগর এসএসসি পরীক্ষায়
যশোর শিক্ষা বোর্ড কতক পরী-
ক্ষায় নির্ধারিত ফিস অনুযায়ী
একজন পরীক্ষার্থীর জন্যে খুব
বেশী করে হলে প্রয়োজন মাত্র
৩শ' টাকা। কিন্তু যশোরের ২২টি
মাধ্যমিক বিদ্যালয় থেকে তথ্য
সংগ্রহ করে দেখা গেছে, এসব
বিদ্যালয়ে প্রত্যেকটিতে নির্ধারিত
(শেষ পৃ: ৩-এর ক: ৪:)

এসএসসি পরীক্ষার্থী

(১ম পাতার পর)

ফিসের চাইতে বেশী টাকা আদায়
করা হচ্ছে। এর মধ্যে সদর
উপজেলার ছপা আদর্শ আয়েশা
মাধ্যমিক বিদ্যালয় ফিস নিচ্ছে
সাড়ে ৮শ' টাকা। ৬শ' থেকে
৭শ' টাকা করে আদায় করছে
নরেন্দ্রপুর মাধ্যমিক বিদ্যালয়।
শহরের আদর্শ বালিকা বিদ্যালয়
আদায় করছে ৬শ ৯৯ টাকা।
৬শ' পঞ্চাশ থেকে ৬শ' ৯৫
টাকা নিচ্ছে বাবারপাড়া পাইলট
হাই স্কুল। এমনিভাবে নিচ্ছে
খাজুরা মিত্র হাই স্কুল ৬শ' ২
টাকা, হাশিমপুর ৫শ' ৮৫ টাকা
থেকে ৬শ' ৪০ টাকা, মুসলিম
একাডেমী ৫শ' ৬০ টাকা থেকে
৬শ' টাকা, সেবা সংঘ ৪শ ৭২
থেকে ৪শ ৯৬ টাকা, জামদিয়া
বহুমুখী মাধ্যমিক বিদ্যালয় ৬শ'
২৭ টাকা, প্রিপারেটরী ৫শ' ৫০
টাকা, সম্মিলনী ৪শ' ১০ টাকা
থেকে সাড়ে ৪শ' টাকা, সরকারী
বালিকা বিদ্যালয় ৩শ ৭০ টাকা
থেকে ৩শ ৯০ টাকা, এম এস
টি পি বালিকা বিদ্যালয় ৩শ'
৮৩ থেকে ৩শ' ৯৫ টাকা এবং
জেলা স্কুল ৩শ ৪৭ থেকে ৩শ'
৭১ টাকা।

এসব স্কুলের অধিকাংশই
আবার এই অতিরিক্ত টাকার
কোন রসিদ দিচ্ছে না। পরীক্ষা-
ার্থীরা রসিদ চাইলে বলা হচ্ছে
খাতা-কলমে ঠিক থাকলেই হল।

এ বছর নজীরবিহীন বন্যায়
মানুষের অর্থনৈতিক অসুখা পর্ব-
দস্ত হয়ে পড়েছে। এ অবস্থায়
বিদ্যালয় কত পক্ষের অধিবেশনা-
প্রসূত শিক্ষাত্তের ফলে বহু অতি-
ভাবক তাদের সম্মানসম্মতিপের
পরীক্ষার ফিস জমা দিতে গিয়ে
সর্বস্বান্ত হচ্ছে।

অনেক অভিভাবক টাকা
যোগাড় করতে গিয়ে গরু-বাছুর
বিক্রি করে দিচ্ছে। এ সম্মানের
পরীক্ষার ফিসের টাকা যোগাড়
করতে গিয়ে আবাদী জমি বেচতে
হয়েছে এমন দৃষ্টান্ত আছে অনেক।

বিদ্যালয় কত পক্ষের বাড়তি
টাকা নেবার বিষয়ে সংশ্লিষ্ট
শিক্ষা বোর্ডকে অবহিত করলেও
অজ্ঞাত কারণে এসব স্কুলের
বিরুদ্ধে এখনো কোন ব্যবস্থা
নেয়া হয়নি।